

২০

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগে অচলাবস্থা সেশনজটের আশঙ্কা

সাতার (ঢাকা) প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের এক শিক্ষকের অপসারণের দাবিতে চলমান আন্দোলনের কারণে বিভাগে অচলাবস্থা বিঘ্নিত করছে। ফলে বিভাগটি সেশনজটের কবলে পড়ছে। শিক্ষার্থীর উদ্বেগ-উৎকণ্ঠায় দিন কাটাচ্ছে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, গত নভেম্বর মাসের প্রথম সপ্তাহে এক শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীদের সঙ্গে অশালীন আচরণের অভিযোগ তুলে স্নাতকোত্তর শ্রেণীর চূড়ান্ত পরীক্ষা সমাপনকারী ছাত্রছাত্রীদের নেতৃত্বে আন্দোলন শুরু হয়। এ সময় আন্দোলনকারীরা বিভাগের উল্লিখিত কর্মীকে সশস্ত্র জরুরি অবস্থা ঘোষণা এবং সেই শিক্ষককে সাময়িক অপসারণ করে পর পর পরিষ্কৃতি অনেকটা স্বাভাবিক তবে এখনো শিক্ষকের প্রগণে ফিরে না আসার অচলাবস্থা কাটেনি।

বাংলা বিভাগের বর্তমান ও প্রাক্তন অনেক শিক্ষার্থী বলেন, আন্দোলন নিয়ে ছাত্রদের অধা মতভেদ রয়েছে। কিন্তু আমরা কেউই সেশনজটটি পড়তে চাই না। স্নাতকোত্তর শ্রেণীর একাধিক ছাত্র নাম প্রকাশ না করার পর্তে জানান, তাঁদের পরীক্ষা গত বছরেই শেষ হওয়ার কথা। কিন্তু বিভাগের শিক্ষকেরা এখনো ক্লাসে না ফেরায় এবং

এ ব্যাপারে শিক্ষকদের কোনো অগ্রহ না থাকায় তা অর্নিষ্ঠিত হয়ে পড়েছে।

বাংলা বিভাগের সচিবপতি অধ্যাপক সৌদা আখতার বলেন, এ অবস্থায় আমরা কী করা উচিত বুঝতে পারছি না। পরিস্থিতি কীভাবে নিয়ন্ত্রণ করা হবে তা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যই ভালো জানেন। শিক্ষার্থীর ক্লাস করতে অনগ্রহী কি না জানতে চাইলে তিনি বলেন, আসলে বিক্ষয়টি তা নয়। তবে আমি শিক্ষার্থীদের সঙ্গে কথা বলছি। অচিরেই ক্লাস শুরু হবে।